**প্রশ্ন–৪ ▸** আমিন তার বোরো ধানের জমিতে চারা লাগানোর পর কিছু কিছু ধানের পাতায় গাঢ় বাদামি দাগ লৰ করেন। বিষয়টি নিয়ে কৃষি কর্মকর্তার পরামর্শ নিয়ে ব্যবস্থা গ্রহণ করেন। এ সময় কৃষি কর্মকর্তা তাকে ধানের জমিতে প্রচলিত দানাদার ইউরিয়ার পরিবর্তে গুটি ইউরিয়া ব্যবহারের পরামর্শ দেন ও এর প্রয়োগ পদ্ধতি বুঝিয়ে দেন। পরামর্শ অনুযায়ী গুটি ইউরিয়া প্রয়োগ করায় আমিন কম খরচে উচ্চ ফলন পান।

ক. ইউরিয়া মিশ্রিত খড় তৈরিতে এক কেজি ইউরিয়ার জন্য কতটুকু পানি লাগবে? ১

খ. রিলে চাষে সময় স্বল্পতা কীভাবে দূর হয় ব্যাখ্যা কর। ২

গ. আমিনের ধানের রোগটির কারণ ও প্রতিকার লেখ। ৩

ঘ. আমিনের জমিতে ইউরিয়া সার প্রয়োগ পদ্ধতি পরিবর্তনের গুরবত্ব মূল্যায়ন কর। ৪

### ▸◂ ৪নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ইউরিয়া মিশ্রিত খড় তৈরিতে এক কেজি ইউরিয়ার জন্য ২০ লিটার পানি লাগবে।

খ. একটি ফসলের ফুল আসার পর কিন্তু ফসল কাটার প্রায় এক সপ্তাহ আগে কতিপয় সুবিধা পাওয়ার জন্য শিম জাতীয় বীজ বপন করাকে রিলে চাষ বলা হয়। ফসল কর্তনের ৭–১০ দিন আগেই অন্য ফসল বপন করা হয় বলে রিলে চাষে সময়ের স্বল্পতা দূর হয়।

গ. আমিন একজন বোরো ধান চাষী। তিনি তার জমিতে চারা লাগানোর কিছুদিন পর কিছু কিছু ধানের পাতায় গাঢ় বাদামি দাগ লৰ করেন। এটি ধানের একটি ছত্রাকজনিত রোগ।
আমিন তার জমিতে নিম্নরূ প প্রতিকার ব্যবস্থা নিতে পারেন :
i. তিনি তার জমিতে জীবাণুমুক্ত বীজ বপন করবেন।
ii. বীজ বপনের পূর্বে তিনি বীজ শোধন করলে বীজ বহনকারী ছত্রাক দমন করার মাধ্যমে ফসল রৰা করা যায়।
iii. আমিন তার জমিকে আগাছামুক্ত রাখবেন।
iv. রোগাক্রান্ত গাছ সংগ্রহ করে পুড়িয়ে ফেলবেন বা মাটিতে পুতে ফেলবেন। নতুবা অন্য রোগাক্রান্ত গাছও আক্রান্ত হয়ে যাবে।
আমিন উলিৱখিত প্রতিকার ব্যবস্থা গ্রহণ করতে পারে।

ঘ. আমিন তার বোরো ধানের নাইট্রোজেনের চাহিদা পূরণের লৰ্যে জমিতে ইউরিয়া সার প্রয়োগ করে থাকেন।
আমিন ধানের জমিতে দানাদার ইউরিয়া প্রয়োগ করতেন। সঠিক সময় পর্যাপ্ত সার সরবরাহ করার লৰ্যে তাকে একটি জমিতে কিস্তিতে কয়েক বার সার প্রয়োগ করতে হতো। এই সার দ্রবত পানিতে মিশ্রিত হয়ে যায়, ফলে চুঁইয়ে মাটির নিচে গাছের শিকড় অঞ্চলের বাইরে চলে যায়। ফলে তার প্রয়োগকৃত সারের ৭০% অপচয় হয় এবং সার বাবদ বেশি খরচ হয়। অন্যদিকে সার প্রয়োগের জন্য তাকে দু–তিনবার পরিশ্রম করতে হয়। আমিন যদি গুটি ইউরিয়া ব্যবহার করেন তবে তিনি প্রতি ফসলের মৌসুমে মাত্র একবার সার প্রয়োগ করেই আশানুরূ প ফলন লাভ করতে সমর্থ হবেন। গুটি ইউরিয়া ধীরে ধীরে গাছকে নাইট্রোজেন সরবরাহ করে। ফলে জমিতে নাইট্রোজেন ঘাটতি হয় না, ২০–৩০ ভাগ নাইট্রোজেনের সাশ্রয় হয়। অন্যদিকে ফলনও ১৫–২০ ভাগ বৃদ্ধি পায়।
সুতরাং, আমিন দানাদার ইউরিয়ার পরিবর্তে গুটি ইউরিয়া ব্যবহার করলে সার বাবদ খরচ কমবে ও ফলন বাড়বে এবং তিনি অধিক লাভবান হবেন।

**প্রশ্ন–৫** রফিক ব্র্যাক ব্যাংক থেকে ঋণ নিয়ে কিছু মুরগির বাচ্চা সংগ্রহ করে। একটি খামার শুরব করে নিয়মিত পরিচর্যা করতে থাকে। হঠাৎ একদিন সকালে সে লৰ করল তার খামারের কয়েকটি বাচ্চা চুনের মতো পাতলা মল ত্যাগ করছে ও ঝিমাচ্ছে। রফিক বিষয়টি নিয়ে দ্রবত প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি তাকে প্রয়োজনীয় পরামর্শ দেন এবং বলেন, 'লাভজনকভাবে মুরগি পালনের জন্য সঠিক স্যানিটেশন অতীব জরবরি'। প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শে বর্তমানে রফিক একজন সফল খামারী।

ক. মাছের লেজ ও পাখনা পচা রোগের কারণ কী? ১
খ. ফসল বিন্যাসে শিম জাতীয় শস্য আবাদের ব্যবস্থা রাখতে হয় কেন? ২
গ. রফিকের মুরগির বাচ্চাগুলোর উক্ত রোগটির লৰণগুলো লেখ। ৩
ঘ. সফলভাবে মুরগি পালনের জন্য প্রাণিসম্পদ কর্মকর্তার উক্তিটি যথার্থ–বিষয়টি মূল্যায়ন কর। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. মাছের লেজ ও পাখনা পচা রোগের কারণ হলো ব্যাকটেরিয়া।

খ. ফসল বিন্যাসে শিম জাতীয় ফসল অন্তর্ভুক্ত করা হয়। কারণ এতে মাটির উর্বরতা বৃদ্ধি পায় এবং সারের চাহিদা হ্রাস পায়। ফলে কৃষকের আবাদের ফলন বাড়ে, ব্যয় কমে ও আয় বৃদ্ধি পায়।

গ. রফিক মুরগিগুলোর নিম্নলিখিত লৰণগুলো পর্যবেৰণ করে বুঝলো যে মুরগিগুলোর রাণীৰেত রোগ হয়েছে। সে লৰ করল–
১. মুরগিগুলোর শ্বাস–প্রশ্বাস দ্রবত হচ্ছিল এবং হা করে নিশ্বাস নিচ্ছিল।
২. মুখ দিয়ে লালা পড়ছিল এবং নাক দিয়ে সর্দি ঝরছিল।
৩. চুনের মতো সাদা পাতলা পায়খানা করছিল।
৪. মাথা নিচু ও চোখ বন্ধ করে ঝিমাচ্ছিল।
৫. ডিমপাড়া মুরগি ডিমপাড়া বন্ধ করে দিয়েছিল।
৬. মুরগির ঘাড় বেঁকে যাচ্ছিল এবং পাখনা নিচের দিকে ঝুলে পড়েছিল।
এভাবেই বুঝলো যে মুরগিগুলোর রাণীৰেত রোগ হয়েছে।

ঘ. প্রাণী সম্পদ কর্মকর্তার উক্তিটি হলো, "লাভজনকভাবে মুরগি পালনের জন্য সঠিক স্যানিটেশন অতীব জরবরি"। লাভজনক খামার গড়তে হলে–
মুরগির বাসস্থান সম্পূর্ণভাবে পরিষ্কার রাখতে হবে এবং মুরগির বিষ্ঠা ও আবর্জনা সরিয়ে ফেলতে হবে। মুরগির খাবার পাত্র, পানির পাত্র পরিষ্কার রাখতে হবে এবং মুরগির ঘরে পর্যাপ্ত পরিমাণ বাতাস আগমন ও নির্গমনের জন্য সুন্দর ব্যবস্থা করতে হবে। বাসস্থানে জীবাণুনাশক ঔষধ ছিটাতে হবে এবং বাসস্থান শুকনো রাখতে হবে। অসুস্থ মুরগিগুলোকে সুস্থ মুরগি হতে আলাদা করে রাখতে হবে যাতে সুস্থ মুরগিগুলো অসুস্থ না হয়ে পড়ে সেদিকে খেয়াল রাখতে হবে। প্রয়োজনে মুরগিকে রোগপ্রতিরোধকারী টিকা দিতে হবে।
উলিৱখিতভাবে, মুরগিগুলোর জন্য ভালো বাসস্থান, খাদ্য ও রোগ প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করলে খামার লাভজনক হবে।

**প্রশ্ন–৬** উদ্যোগী কৃষক সামাদ সাহেবের নেতৃত্বে চুনাখালী গ্রামের কয়েকজন কৃষক কুমিলৱার সরকারি শস্য বহুমুখীকরণ খামার পরিদর্শনে যান। সেখানে তারা কৃষি সম্প্রসারণ কর্মকর্তার' নির্দেশনায় তিনটি জমির ফসল ঘুরে ঘুরে দেখেন ও চাষ পদ্ধতি শিখে নেন। তারা একই সাথে প্রথম জমিতে আলু ও আখ, দ্বিতীয় জমিতে গম, ভুট্টা ও মুগ এবং তৃতীয় জমিতে আলু ও করলার চাষ দেখে মুগ্ধ হন। এলাকায় ফিরে তাদের একই জমিতে একই খরচে এ ধরনের ফসল উৎপাদন একদিকে যেমন সচ্ছলতা এনে দিয়েছে অন্য দিকে দিয়েছে ফসলের বৈচিত্র্যতা।

ক. গবাদিপশুর বাদলা রোগ কীভাবে ছড়ায়? ১
খ. একই জমিতে একই ফসল বছরের পর বছর চাষ করলে ফলন কম হয় কেন? ২
গ. চুনাখালী গ্রামের কৃষকদের দেখা তৃতীয় জমির ফসলের চাষ পদ্ধতি লেখ। ৩
ঘ. নতুন ফসল চাষ পদ্ধতি সামাদ সাহেবের এলাকায় একদিকে যেমন এনেছে সচ্ছলতা অন্যদিকে এনেছে ফসলের বৈচিত্র্যতা–বিষয়টি বিশেৱষণ কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

ক. গবাদিপশুর বাদলা রোগ ৰতস্থান ও মলের মাধ্যমে ছড়ায়।

খ. একই জমিতে একই ফসল বছরের পর বছর চাষ করলে মাটির উর্বরতা কমে যায়। পোকা–মাকড় ও রোগসহ নানা সমস্যা দেখা দেয়। তাই ফসলের ফলন কমে যায়।

গ. চুনখালী গ্রামের কৃষকেরা উৎপাদন বৃদ্ধির লৰ্যে নতুন কৃষি প্রযুক্তি ব্যবহার করে রিলে চাষের মাধ্যমে আলুর সাথে করলার চাষ শুরব করেন। এই পদ্ধতিতে অক্টোবর–নভেম্বর মাসে সারিতে আলু বীজ লাগাতে হয় এবং দুই সারির মাঝখানে নালা তৈরি করতে হয়। আলু লাগানোর পর পলিব্যাগে করলার চারা তৈরি করে এবং জানুয়ারি মাসে দুই সারির মাঝের নালায় উক্ত চারা রোপণ করতে হয়। ফেব্রবয়ারির মাঝামাঝি সময়ে সমস্ত আলু উত্তোলন করেন। ফলে করলা গাছ খুব দ্রবত বড় হয় এবং মার্চ থেকে করলা ধরতে থাকে।
এভাবে উলিৱখিত উপায়ে তৃতীয় জমিতে ফসল চাষ করে।

ঘ. কৃষকের আয় নির্ভর করে সম্পদের সুষ্ঠু ব্যবহারের ওপর। মাঠ ফসল বহুমুখীকরণের মাধ্যমে কৃষি সম্পদের সর্বোত্তম ও সুষ্ঠু ব্যবহার করা সম্ভব।
মাঠ ফসল বহুমুখীকরণে কোনো একক ফসল বা একক প্রযুক্তির ওপর নির্ভর না করে ফসল বিন্যাস, মিশ্র ও সাথি ফসলের চাষ এবং খামার যান্ত্রিকীকরণ করা হয়। যেমন–মিশ্র বা সাথি ফসলের চাষ হতে কৃষক অধিক মুনাফা অর্জন করতে পারেন। শূন্য চাষ পদ্ধতিতে বা বিনা চাষে ফসলের ফলালে সময় ও অর্থ উভয়ের সাশ্রয় হয়। আবার ফসল বিন্যাসে শিম জাতীয় শস্য আবাদের ব্যবস্থা থাকলে সারের চাহিদা হ্রাস পাবে এবং মাটির উর্বরতা বৃদ্ধি পাবে। মাঠ ফসল বহুমুখীকরণের মাধ্যমে তিনটি মৌসুমেই বিভিন্ন প্রকার ফসল উৎপাদন করা যায়। এতে ব্যয় কম হয় এবং আয় বেশি হয়।

অতএব, বলা যায়, নতুন চাষ পদ্ধতি যেমন এনেছে আর্থিক সচ্ছলতা তেমন এনেছে ফসলের বৈচিত্র্যতা।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন–৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আগামী কুরবানী ঈদের জন্য তাসিন গরব কিনেছে। কিন্তু সে মোটাতাজাকরণ পদ্ধতি সম্পর্কে জানে না। তাই থানা পশুসম্পদ কর্মকর্তার নিকট জানতে চায়। তিনি তাসিনকে মোটাতাজাকরণ সম্পর্কে বুঝিয়ে দেয় এবং মাঠকর্মীকে বলে তাসিনকে সাহায্য করতে। কর্মকর্তার পরামর্শ অনুযায়ী ষাঁড় মোটাতাজাকরণ প্রক্রিয়া শুরব করে।

ক. ইউরিয়া সারের প্রধান উপাদান কী? ১

খ. বিভিন্ন রোগ ফসলের কেন হয়? ২

গ. তাসিন গরব মোটাতাজাকরণের উদ্দেশ্যে কী ধরনের খাবার সরবরাহ করেছিলেন? ৩

ঘ. তাসিনের গরব মোটাতাজাকরণের পরামর্শ কী উপকারে লেগেছিল বলে মনে কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

ক. ইউরিয়া সারের প্রধান উপাদান নাইট্রোজেন।

খ. জীবের চারপাশে ভাইরাস, ব্যাকটেরিয়াসহ আরও অনেক অণুজীব আছে যারা রোগবালাই ছড়ায়। গাছপালা এসব অণুজীব দ্বারা আক্রান্ত হয় এবং রোগাক্রান্ত হয়ে পড়ে।

গ. তাসিন গরব মোটাতাজাকরণ পশুসম্পদ কর্মকর্তার সাথে পরামর্শ নিয়েছিলেন এবং সেখানে তিনি জেনেছেন গরব মোটাতাজা করতে হলে কী কী খাদ্য কী পরিমাণে ও কীভাবে দিতে হবে। তিনি ঠিক সেভাবেই তার গরবগুলোকে খাবার সরবরাহ করেছিলেন।

সাধারণত গরবকে এমন খাবার দিতে হবে যাতে আমিষ, শর্করা, চর্বি, খনিজ লবণ ও ভিটামিন অন্যান্য খাদ্যের তুলনায় বেশি থাকে। খৈল, খড়, ভুট্টা বা গম, ঝোলাগুড়, ইত্যাদিতে আমিষ, শর্করা ও চর্বি জাতীয় খাদ্য থাকে। আর সবুজ কাঁচা ঘাস, হাড়ের গুঁড়া ইত্যাদিতে খনিজ লবণ ও ভিটামিন থাকে। ইউরিয়া ও ঝোলাগুড় মেশানো খাদ্য পশু মোটাতাজাকরণের সহায়ক। এ জাতীয় খাবার তাসিন তার খামারের গরবগুলোকে সরবরাহ করেছিল।

ঘ. হ্যাঁ, পশুসম্পদ কর্মকর্তার পরামর্শ তাসিনের উপকারে লেগেছিল। আমিষের সরবরাহ বাড়াতে হলে সনাতন গরব ছাগল পালন পদ্ধতি যথেষ্ট নয়। প্রয়োজনে অতি দ্রবত গরব ছাগলের স্বাস্থ্য উন্নয়ন অল্প সময়ে পরিমিত খাদ্য সরবরাহ করার মাধ্যমে গরবর স্বাস্থ্য উন্নয়নে গরবর মোটাতাজাকরণের কোনো বিকল্প নেই।

গরবর মোটাতাজাকরণ কেবল গরবর খাদ্যের ওপর নির্ভরশীল নয়। গরব নির্বাচন থেকে শুরব করে বাসস্থান নির্মাণ, রোগ ব্যাধির চিকিৎসা ইত্যাদিও জড়িত। যথাযথ পরামর্শ বা ট্রেনিং ছাড়া সঠিকভাবে গরব মোটাতাজাকরণ সম্ভব না। এর অর্জিত জ্ঞানের আলোকে তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে সফলভাবে গরব পালন করে লাভবান হন।

উপরিউক্ত আলোচনার থেকে এটা নির্দ্বিধায় বলা যায় যে, তাসিন কর্মকর্তার পরামর্শ না নিলে তার পৰে সফলতা অর্জন সম্ভব ছিল না।

**প্রশ্ন–৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সেলিনা বেগম একটি গরব কিনে বড় করে বিক্রি করার সিদ্ধান্ত নিলেন। গরব কেনার পূর্বে কৃষি কর্মকর্তা তাকে সঠিক গরব নির্বাচন ও পালন সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ দিলেন। কিন্তু কিছুদিন পর গরবর কাঙ্ক্ষিত বৃদ্ধি না হওয়ায় সেলিনা বেগম আবার কৃষি কর্মকর্তার নিকট পরামর্শ চাইলেন। কৃষি কর্মকর্তা গরবকে ইউরিয়া মিশ্রিত খড় খাওয়াতে বললেন।

ক. একজন মানুষের দৈনিক কত গ্রাম মাংসের প্রয়োজন হয়? ১

খ. গরব মোটাতাজাকরণ বলতে কী বোঝ? ২

গ. কৃষি কর্মকর্তার পরামর্শ অনুসারে গরব পালনে সেলিনা বেগমকে কী ধরনের পদৰেপ নিতে হবে? ৩

ঘ. কৃষি কর্মকর্তার নির্দেশিত গো–খাদ্য তৈরির প্রক্রিয়া আলোচনা কর। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

ক. একজন মানুষের দৈনিক ১২০ গ্রাম মাংসের প্রয়োজন হয়।

খ. গরব মোটাতাজাকরণ অর্থ হচ্ছে পরিমিত খাদ্য সরবরাহের মাধ্যমে গরুর স্বাস্থ্য নিশ্চিত করা এবং মানুষের জন্য আমিষ সরবরাহের ব্যবস্থা করা। এই প্রক্রিয়ায় পশুকে এমন খাদ্য দেওয়া হয় যাতে আমিষ, শর্করা, চর্বি, খনিজ পদার্থ ও ভিটামিন সাধারণ খাদ্যের চেয়ে একটু বেশি পরিমাণ থাকে।

গ. কৃষি কর্মকর্তার পরামর্শ অনুসারে গরব পালনে সেলিনা বেগমকে যে ধরনের পদৰেপ গ্রহণ করতে হবে তা হলো :

১. **গরু নির্বাচন ও ক্রয় :** বলদ গরু মোটাতাজাকরণের জন্য ভালো। এজন্য দেড়–দুই বছর বয়সের এঁড়ে বাছুর ক্রয় করতে হবে।

২. **বাসস্থান নির্মাণ :** প্রতিটি গরুর জন্য ১.৫ মিটার × ২ মিটার জায়গায় ঘর নির্মাণ করতে হবে।

৩. **রোগ ব্যাধির চিকিৎসা :** রোগব্যাধি গরুকে পঙ্গু করে দেয়। এ ব্যাপারে ডাক্তারের পরামর্শ নিতে হবে। প্রয়োজনে সংক্রামক রোগের টিকা দিতে হবে।

৪. **খাদ্য সরবরাহ :** গরু মোটাতাজাকরণে খাদ্যের ভূমিকা অপরিসীম। তাই গরুর মোটাতাজাকরণে আমিষ, শর্করা, চর্বি, খনিজ পদার্থ ও ভিটামিনযুক্ত খাবার খাওয়াতে হবে।

উল্লিখিত পদ্ধতি যথাযথভাবে প্রয়োগের মাধ্যমে সেলিনা বেগম কৃষি কর্মকর্তার পরামর্শ অনুসারে গরব পালন করতে পারে।

ঘ. কৃষি কর্মকর্তা নির্দেশিত গো–খাদ্যটি হলো ইউরিয়া মিশ্রিত খড়। নিচে খড়ের সাথে ইউরিয়া মিশিয়ে গো–খাদ্য তৈরির পদ্ধতি আলোচনা করা হলো :

১. প্রথমে একটি ডোল নিয়ে এর চারপাশ কাদা মিশিয়ে লেপে শুকিয়ে নিতে হবে।

২. এরপর একটি বালতিতে ২০ লিটার পানি নিতে হবে।

৩. এই পানিতে ১ কেজি ইউরিয়ার দ্রবণ তৈরি করতে হবে।

৪. ডোলের মধ্যে অল্প অল্প খড় দিয়ে ইউরিয়া দ্রবণ খড়ের ওপর ছিটিয়ে দিয়ে চেপে চেপে ভরতে হবে।

৫. এভাবে সম্পূর্ণ ডোল খড় দিয়ে ভরতে হবে।

৬. ডোলে খড় ভরা সম্পূর্ণ হলে এর মুখ ছালা বা পলিথিন দিয়ে বেঁধে দিতে হবে।

৭. ১০–১২ দিন পর খড় বের করে রোদে শুকাতে হবে।

৮. এরপরই খড় গরবকে খাওয়ানোর উপযুক্ত হবে।

৯. সাধারণ একটি গরবকে প্রতিদিন ৩ কেজি ইউরিয়া মেশানো খড় খাওয়াতে হবে।

১০. খড়ের সাথে দৈনিক ৩০০–৪০০ গ্রাম ঝোলাগুড় মিশিয়ে দিতে হবে।

উল্লিখিত বিষয়গুলো ভালোভাবে খেয়াল রেখে খড়ের সাথে ইউরিয়া মিশিয়ে উন্নতমানের গো–খাদ্য তৈরি করতে হবে।

**প্রশ্ন–৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রহিম মিয়া শুধুমাত্র ধান চাষ করতেন। অভিজ্ঞ চাষি করিম মিয়ার পরামর্শে তিনি বেগুন চাষ শুরব করেন। গাছ বড় হলে রহিম মিয়া দেখলেন কিছু কিছু বেগুন গাছের শাখা মাটির দিকে ঝুলে পড়েছে। অভিজ্ঞ চাষি করিম মিয়া ফসলের রোগটি চিহ্নিত করেন এবং মহামারী ঠেকানোর জন্য প্রয়োজনীয় পরামর্শ দিলেন। পরের মৌসুমে বেগুন চাষের সময় এ রোগ প্রতিরোধের জন্য কিছু পরামর্শও দিলেন।

ক. কোন অণুজীবের আক্রমণে ফসলের পাতা কুঁকড়িয়ে যায়? ১

খ. ফসলের সংক্রামক রোগের মহামারী রূ প প্রতিরোধের জন্য কী পদৰেপ গ্রহণ করতে হবে? ২

গ. রহিম মিয়ার ফসলে কী রোগ হয়েছিল তার লৰণ উলেরখ করে চিহ্নিত কর। ৩
ঘ. উলিরখিত ফসলের রোগ প্রতিরোধে কী ধরনের পদৰেপ গ্রহণ করতে হবে বলে তুমি মনে কর? ৪

### ৯নং প্রশ্নের উত্তর

ক. ভাইরাসের আক্রমণে ফসলের পাতা কুঁকড়িয়ে যায়।

খ. ফসলের সংক্রামক রোগ জমির একটি রোগাক্রান্ত গাছ থেকে অন্য সুস্থ গাছে এমনকি পুরো জমিতে ছড়িয়ে পড়তে পারে। এ কারণে সংক্রামক রোগ সহজেই মহামারী আকার ধারণ করে। এ মহামারী প্রতিরোধ করতে নির্দিষ্ট রোগাক্রান্ত গাছটি তুলে পুড়িয়ে ফেলতে হবে অথবা মাটি খুঁড়ে পুঁতে ফেলতে হবে।

গ. রহিম মিয়ার ফসলে মাটির দিকে ঢলে পড়া রোগ হয়েছিল। এ রোগের লৰণ হলো : বেগুন গাছের কাণ্ড ও শিকড় রোগাক্রান্ত হলে তারা শাখায় প্রয়োজনীয় পুষ্টি পৌঁছে দিতে পারে না। ফলে শাখা মাটির দিকে ঝুলে পড়ে। বেগুন গাছের উক্ত লৰণ বেগুনের ঢলে পড়া রোগের লৰণের সাথে মিলে যায়।
উপরিউক্ত লৰণ অনুসারে বলা যায়, রহিম মিয়ার ফসলে বেগুনের ঢলে পড়া রোগ হয়েছিল।

ঘ. উলিরখিত ফসলের রোগটি হলো বেগুনের ঢলে পড়া রোগ। ফসলের রোগটি প্রতিরোধের জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করতে হবে :

১. **জীবাণুমুক্ত বীজ ব্যবহার করা :** বীজের মাধ্যমে ফসলের রোগ ছড়াতে পারে। তাই কৃষককে নীরোগ বীজ ব্যবহার করতে হবে।
২. **বীজ শোধন :** অনেক সময় বীজ নিজেরাই রোগ বহন করে। তাই বীজ শোধন করতে হবে। এজন্য ছত্রাকনাশক ব্যবহার করা হয়।
৩. **পরিষ্কার পরিচ্ছন্ন ফসল আবাদ করা :** ফসলের খেতে আগাছা থাকলে ফসল রোগাক্রান্ত হয়ে পড়ে। কারণ আগাছা অনেক রোগের উৎস। তাই আগাছা পরিষ্কার করে চাষাবাদ করতে হবে।
৪. **রোগাক্রান্ত গাছ পুড়িয়ে ফেলা বা মাটিতে পুঁতে ফেলা :** এক গাছ রোগাক্রান্ত হলে অন্য গাছে ছড়িয়ে পড়ে। যাতে রোগ পুরো মাঠে ছড়িয়ে পড়তে না পারে সেজন্য নির্দিষ্ট রোগাক্রান্ত গাছটি তুলে পুড়িয়ে ফেলতে হবে। নতুবা মাটি খুঁড়ে পুঁতে ফেলতে হবে।

**প্রশ্ন–১০ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

হারবন হাসান একটি কৃষি প্রযুক্তি কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালার শেষ অংশে প্রশিৰক মৃত পশু, পাখি ও মাছের ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা করেন। তিনি কৃষকদের সামনে চুন, ডিডিটি ও বিরচিং পাউডার প্রদর্শন করেন এবং মৃত প্রাণী ব্যবস্থাপনায় এগুলোর ব্যবহার আলোচনা করেন। বিভিন্ন ৰেত্রে এগুলোর প্রয়োগ পদ্ধতিতে হারবন সাহেব কিছু পার্থক্য দেখতে পেলেন।

ক. কত ফুট গভীর গর্ত করে মৃত পশু মাটি চাপা দিতে হবে? ১
খ. বসতবাড়ি বা খামার থেকে দূরে মৃত হাঁস–মুরগির সৎকারের কারণ ব্যাখ্যা কর। ২
গ. মৃত পশু, পাখি ও মাছের সৎকারে উদ্দীপকে উলিরখিত রাসায়নিক দ্রব্যের ব্যবহার আলোচনা কর। ৩
ঘ. মৃত পশু, পাখি ও মাছের ব্যবস্থাপনায় উদ্দীপকে উলিরখিত রাসায়নিক দ্রব্য প্রয়োগের তুলনামূলক পার্থক্য বিশেরষণ কর। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

ক. মৃত পশু ৪ ফুট গভীর গর্ত করে মাটি চাপা দিতে হবে।

খ. রোগাক্রান্ত হাঁস মুরগির মৃত দেহ থেকে রোগজীবাণু সুস্থ ও জীবিত পাখিকে আক্রান্ত করতে পারে। এ কারণে মৃত পাখিকে গর্ত করে মাটিতে পুঁতে ফেলতে হয়। বসতবাড়ি বা খামারের কাছে এ গর্ত করলে বৃষ্টির পানিতে ধুয়ে রোগজীবাণু খামারে প্রবেশ করতে পারে। গৃহপালিত হাঁস মুরগি মাটি আঁচড়িয়ে মৃতদেহ বের করে পরিবেশ দূষিত করতে পারে। এসব কারণে বসতবাড়ি বা খামার থেকে দূরে মৃত হাঁস মুরগির সৎকার করা হয়।

গ. উদ্দীপকে উলিরখিত রাসায়নিক দ্রব্যগুলো হলো চুন, ডিডিটি ও বিরচিং পাউডার। নিম্নে মৃত পশু, পাখি ও মাছের সৎকারে চুন, ডিডিটি ও বিরচিং পাউডারের ব্যবহার আলোচনা করা হলো:
**মৃত পশু সৎকার :** মৃত পশু সৎকারে চুন বা ডিডিটি ব্যবহৃত হয়। মৃত পশু পরিবেশ দূষিত করে, রোগজীবাণু বাতাসে ছড়ায় ও সুস্থ পশুকে আক্রান্ত করে। তাই ৪ ফুট গভীর গর্ত করে পশুকে মাটি চাপা দেওয়া হয়। গর্তের ওপরের স্তরে ডিডিটি বা চুন ছিটিয়ে এর উপর মাটি ছিটিয়ে দেওয়া হয়।
**মৃত পাখির সৎকার :** মৃত পাখির সৎকারে ডিডিটি ব্যবহার করা হয়। মৃত পাখি দ্রবত সৎকার করা না হলে রোগজীবাণু চারদিকে ছড়িয়ে পড়ে এবং সুস্থ ও জীবিত পাখিকে আক্রান্ত করে। খামারে মহামারী আকারে অনেক পাখির মৃত্যু হলে বড় গর্ত করে মাটি চাপা দিয়ে মাটির ওপর ডিডিটি ছিটিয়ে দিতে হয়।
**মৃত মাছের সৎকার :** মৃত মাছের সৎকারে বিরচিং পাউডার ব্যবহার করা হয়। রোগাক্রান্ত হয়ে অনেক মাছ এক সাথে মরলে পচে দুর্গন্ধ ছড়ায় ও পরিবেশ দূষিত করে। এ অবস্থা থেকে পরিত্রাণের জন্য জাল দিয়ে মৃত মাছগুলোকে সংগ্রহ করতে হবে। যেখান থেকে বৃষ্টির পানি গড়িয়ে পুকুরে প্রবেশ করবে না সেখানে তিন ফুট গভীর ও মাছের সংখ্যানুযায়ী প্রশস্ত গর্ত করতে হবে। তারপর গর্তে মৃত মাছ নিৰেপ করে এর ওপর বিরচিং পাউডার ছিটাতে হবে।

ঘ. উদ্দীপকে উলিরখিত রাসায়নিক দ্রব্যগুলো হলো চুন, ডিডিটি এবং বিরচিং পাউডার। এসব রাসায়নিক দ্রব্যগুলো ৰেত্রবিশেষে প্রয়োগবিধির কিছু পার্থক্য লৰ করা যায়। নিচে প্রয়োগবিধির তুলনামূলক পার্থক্য আলোচনা করা হলো :
মৃত পশু সৎকারের সময় যে গর্তে পশুকে মাটি চাপা দেওয়া হয় সে গর্তের ওপরের স্তরে চুন বা ডিডিটি ছিটিয়ে দেওয়া হয়। তারপর আবার মাটি ছিটিয়ে দেওয়া হয়। কিন্তু মৃত পাখির সময় ডিডিটি ব্যবহৃত হলেও প্রয়োগবিধি ভিন্ন। এৰেত্রে গর্তে মৃত পাখি ফেলে মাটি চাপা দিয়ে মাটির ওপর ডিডিটি ছিটিয়ে দিতে হয়। বিরচিং পাউডার শুধুমাত্র মৃত মাছের সৎকারে ব্যবহৃত হয়। বিরচিং পাউডার ব্যবহারের জন্যও নির্দিষ্ট ও স্বতন্ত্র পদ্ধতি রয়েছে। এৰেত্রে গর্তে মাছ নিৰেপ করে, মাছের উপরেরই বিরচিং পাউডার ছিটিয়ে দেওয়া হয়। তারপর মাটি চাপা দিয়ে গর্ত করা হয়।

**প্রশ্ন–১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

হাবিব জমিতে একক ফসল হিসেবে আলু চাষ করেন। তাঁর অর্থনৈতিক অবস্থা ভালো নয়। অন্যদিকে সমীর আলুর চাষ করলেও তার অর্থনৈতিক অবস্থা ভালো। হাবিব এ সম্পর্কে সমীরের নিকট পরামর্শ চাইলেন। সমীর তাকে আলুর সাথে রিলে ফসল হিসেবে পটোল ও মিশ্র ফসল হিসেবে লালশাক চাষের পরামর্শ দিলেন।

ক. বাংলাদেশে কয়টি মৌসুমে ফসল চাষ করা যায়? ১
খ. মাঠ ফসলের বহুমুখীকরণের প্রধান দুইটি উদ্দেশ্য লেখ। ২
গ. উদ্দীপকে উলিরখিত মিশ্র চাষটি বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উলিরখিত রিলে চাষে কৃষক কীভাবে লাভবান হন তা বিশেরষণ কর। ৪

### ১১নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশে তিনটি মৌসুমে ফসল চাষ করা যায়।

খ. মাঠ ফসলের বহুমুখীকরণের প্রধান দুইটি উদ্দেশ্য নিম্নরূ প :
১. অধিক উৎপাদন; ২. অধিক আয়।

গ. উদ্দীপকে উলিরখিত মিশ্র চাষটি হলো আলু ও লালশাকের চাষ। আলুর সাথে লালশাকের চাষ একটি ভালো মিশ্র চাষ। সারিতে আলুর চাষ করা হয়। আলু গাছের উচ্চতা ৫–৬ সেন্টিমিটার হয় তখন সারি বরাবর প্রথম মাটি তোলা হয়। এই তোলা মাটিতে লালশাকের বীজ বপন করা হয়। আলু ও লালশাক দুটোই সমান সমান বাড়তে থাকে। লালশাক দ্রবত বর্ধনশীল। তাই কয়েক দফা শাক ওঠানো হয়। ডিসেম্বর পর্যন্ত লালশাক ওঠানো যায়। লালশাক তোলার পরও আলু বড় হতে থাকে। ফেব্রবয়ারি মাসের মাঝামাঝি সময়ে আলু তোলা হয়।

ঘ. উদ্দীপকে উলিরখিত রিলে চাষটি হলো আলুর সাথে পটোলের রিলে চাষ। রিলে ফসল অর্থ হচ্ছে একটি ফসলের শেষ পর্যায়ে আর একটি ফসলের চাষ শুরব করা। আলুর সাথে রিলে ফসল হিসেবে পটোলের চাষ বেশ জনপ্রিয়। এ পদ্ধতিতে অক্টোবর–নভেম্বর মাসে কৃষকরা আগাম চাষ করেন। ৫৫ সেন্টিমিটার দূরত্বে সারি করা হয় এবং আলু লাগানো হয়। প্রতি তৃতীয় সারি ফাঁকা রেখে সে সারিতে ডিসেম্বরে পটোলের ডগা রোপণ করা হয়। জানুয়ারি–ফেব্রবয়ারি মাসের মধ্যে আলু উত্তোলন শেষ হয়। পটোল বড় হতে থাকে এবং মার্চ মাস থেকে পটোল ধরতে থাকে এবং নভেম্বর মাস পর্যন্ত সংগ্রহ করা যায়। এ পদ্ধতিতে কৃষক একই সেচ খরচে, একই শ্রম খরচে এবং প্রায় একই সময়ে দুইটি ফসল উৎপাদন করে বাড়তি আয় করতে পারেন। এ প্রযুক্তিতে পটোলের জন্য বাড়তি সার প্রয়োগ করার প্রয়োজন হয় না। তাছাড়া রিলে চাষ দ্বারা মাটির গঠন উন্নত হয় এবং উর্বরতা বৃদ্ধি পায়।

**প্রশ্ন–১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
হাশেম তার ১০ বিঘা জমিতে প্রধানত ধান ও পাট চাষ করেন। কিন্তু তার তেমন লাভ হয় না। তাই কৃষি কর্মকর্তার শরণাপন্ন হন। তিনি কৃষি কর্মকর্তার পরামর্শে উন্নত প্রযুক্তি–শস্য পর্যায় ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছেন। [খুলনা জিলা স্কুল]

ক. রিলে চাষ কী? ১
খ. রিলে চাষের উপকারিতা ব্যাখ্যা কর। ২
গ. হাশেম যে প্রযুক্তি ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছেন তার সুবিধাসমূহ বর্ণনা কর। ৩
ঘ. হাশেমের প্রযুক্তিটি বাস্তবায়নের ক্ষেত্রে ফসল নির্বাচনে যে বিষয়গুলোর ওপর গুরবত্ব দেওয়া উচিত তা বিশেরষণ কর। ৪

**▸◂ ১২নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. একটি ফসলের শেষ পর্যায়ে আর একটি ফসলের চাষ শুরব করাই হলো রিলে চাষ।

খ. রিলে চাষের ফলে একই সেচে একই শ্রম খরচে এবং প্রায় একই সময়ে কৃষক দুইটি ফসল পান। তাছাড়া রিলে চাষের ফলে মাটির গঠন উন্নত হয় এবং উর্বরতা বৃদ্ধি পায়।

গ. হাশেম যে প্রযুক্তি ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছেন তা হলো শস্য পর্যায়। শস্য পর্যায়ের সুবিধাগুলো হলো :
১. শস্য পর্যায়ের প্রযুক্তি ব্যবহারে মাটির উর্বরতা সংরক্ষিত হয়;
২. মাটির পুষ্টির সমতা বজায় থাকে;
৩. আগাছার উপদ্রব কম হয়;
৪. রোগ–পোকার উপদ্রব কম হয়;
৫. পানির অপচয় কম হয়;
৬. ফসলের ফলন বাড়ে;
৭. গবাদি পশুর খাবারের ব্যবস্থা হয়।

ঘ. হাশেমের প্রযুক্তিটি হলো শস্য পর্যায়। শস্য পর্যায় প্রযুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে ফসল নির্বাচনে যে বিষয়গুলোর ওপর গুরবত্ব দেওয়া উচিত তা হলো :
১. পরপর একই ফসলের চাষ না করা;
২. একই শিকড়বিশিষ্ট ফসলের চাষ না করা;
৩. ফসলের পুষ্টির চাহিদার কম বেশি অনুযায়ী ফসল নির্বাচন করা;
৪. ফসলের তালিকায় ডাল ফসল অন্তর্ভুক্ত করা;
৫. সবুজ সার যেমন: ধৈঞ্চা চাষ করা;
৬. গবাদি পশুর খাবারের জন্য ঘাসের চাষ করা;
৭. খাদ্যশস্য ও অর্থকরী ফসলের চাষ করা;
৮. শস্য উৎপাদনের ঝুঁকি কমায়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন–১৩ ▸**

| সময় | খন্ড–১ | খন্ড–২ |
|---|---|---|
| ১ম বছর | রবিঃ বোরো<br>খরিপ ১ : পাট<br>খরিপ ২ : পতিত | রবিঃ গোল আলু<br>খরিপ–১ : মাষ কলাই<br>খরিপ–২ : রোপা আমন |
| ২য় বছর | রবিঃ গোল আলু<br>খরিপ–১ : মাষ কলাই<br>খরিপ–২ : রোপা আমন | রবিঃ বোরো<br>খরিপ–১ : পাট<br>খরিপ–২ : পতিত |

ক. শূন্য চাষ অর্থ কী? ১
খ. শস্য পর্যায় ব্যবহার করা হয় কেন? ২
গ. উদ্দীপকের ছকে কী বোঝানো হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. শস্য পর্যায় ব্যবহারের মাধ্যমে কৃষকেরা কতটুকু উপকৃত হয় বলে তুমি মনে কর। ৪

**প্রশ্ন–১৪ ▸** সফি খান ১০টি গরব মোটাতাজাকরণের উদ্দেশ্যে ক্রয় করে। উপজেলা কৃষি কর্মকর্তার নিকট গেলে, উপজেলা কৃষি কর্মকর্তা সাদি সাহেব গরব মোটাতাজাকরণের পদ্ধতি, খড়ের সাথে ইউরিয়া মিশিয়ে গো–খাদ্য তৈরির পদ্ধতি সম্পর্কে বললেন।

ক. ঢেড়শের মোজাইক কী? ১
খ. গরব মোটাতাজাকরণের উদ্দেশ্য কী? ২
গ. সাদি সাহেবের কাছ থেকে সফি খান গরব মোটাতাজাকরণের জন্য কোন বিষয়গুলো জানলেন–ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদি সাহেবের পরামর্শে সফি খান খড়ের সাথে ইউরিয়া মিশিয়ে কীভাবে গোখাদ্য তৈরি করবে–ব্যাখ্যা কর। ৪

**প্রশ্ন–১৫ ▸**

| গুটি ইউরিয়া | দানাদার ইউরিয়া |
|---|---|
| কম ব্যবহারে বেশি ফলন | বেশি ব্যবহারে কম ফলন |
| পরিবেশবন্ধব | পরিবেশবান্ধব নয় |

ক. গুটি ইউরিয়া ব্যবহারে শতকরা কতভাগ ফলন বৃদ্ধি পায়? ১
খ. দানাদার গুটি ইউরিয়া ব্যবহারের নিয়ম লেখ। ২
গ. উদ্দীপকের গুটি ইউরিয়া সারের মাত্রা বিভিন্ন মৌসুমে বিভিন্ন হয় কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তুলনামূলক বিশেরষণ কর। ৪

**প্রশ্ন–১৬ ▸** ফাতেমা বেগম তার বাড়িতে একটি গরবর ফার্ম করার পরিকল্পনা করেন। এ কারণে তিনি দুটি গরব ক্রয় করলেন। তিনি কিছুদিন পর লক্ষ করলেন যে তার গরবগুলোর স্বাস্থ্য ঠিকমতো ভালো হচ্ছে না। এরপর তিনি মোটাতাজাকরণ সম্পর্কিত একটি প্রশিক্ষণে অংশগ্রহণ করলেন। এখন তিনি জানেন তার গরবর স্বাস্থ্য উন্নয়নে তাকে কী ধরনের খাদ্য গরবদের দিতে হবে।

ক. মোটাতাজাকরণ কী? ১
খ. গরব মোটাতাজাকরণ গুরবত্বপূর্ণ কেন? ২
গ. ফাতেমা বেগম তার ফার্মের গরবগুলোকে কী ধরনের খাবার সরবরাহ করেছিলেন? ৩
ঘ. গরব মোটাতাজাকরণ প্রশিক্ষণটি ফাতেমা বেগমের কী উপকারে লেগেছিল বলে তুমি মনে কর। ৪

**প্রশ্ন–১৭ ▸** হারবন একজন দরিদ্র কৃষক। একখন্ড জমিই তার সম্বল। এ জমিতে ফসল উৎপাদনের মাধ্যমেই তার সংসার চলে। একজন অভিজ্ঞ কৃষকের পরামর্শে এবার হারবন রবি মৌসুমে একটি শস্যে ফুল

আসার পর কিন্তু কর্তনের এক সপ্তাহ আগে শিম জাতীয় ফসলের বীজ বপন করেন।

ক. শূন্য চাষ কী? ১
খ. শস্য বহুমুখীকরণের ২টি সুবিধা লেখ। ২
গ. হারবন কীভাবে উক্ত পদ্ধতি দ্বারা উপকৃত হবে আলোচনা কর। ৩
ঘ. হারবনের অবলম্বনকৃত পদ্ধতিটি বাংলাদেশের দরিদ্র কৃষকদের জন্য আশীর্বাদস্বরূ প বিশেরষণ কর। ৪

**প্রশ্ন–১৮ ▸** শিশির বিক্রমপুরের একজন আলু চাষি। সে তাঁর জমিতে তিন বছর ধরে আলু চাষ করে আসছে। তাঁর জমির পরিমাণ কম বলে শুধুমাত্র একটি ফসল চাষ করে সংসার চালানো কষ্টকর হয়ে পড়ল। এ অবস্থায় প্রতিবেশী একজন কৃষক তাকে আলুর সাথে লালশাক চাষ করার পরামর্শ দিলেন।

ক. শূন্য চাষ অর্থ কী? ১
খ. ফসলবিন্যাসে বিবেচ্য বিষয়গুলো কী কী? ২
গ. শিশিরের মিশ্র চাষ পদ্ধতি বাস্তবায়নের প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩
ঘ. শিশিরের জন্য চাষ পদ্ধতিটি কতটুকু কার্যকর ও লাভজনক হবে বলে তুমি মনে কর– বিশেরষণ কর। ৪

## অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন–১৯ ▸** বিধবা মালিহা বেগম যুব উন্নয়ন থেকে গবাদি পশু পালনের উপর প্রশিৰণ নিয়ে গরব মোটাতাজাকরণের জন্য কম দামে ৫টি এড়ে বাছুর ক্রয় করেন। পশুর জন্য পরিমিত পুষ্টির চাহিদা মিটানোর লৰ্যে তিনি গরবকে ইউরিয়া মিশ্রিত খড় ও ঝোলা গুড় মিশ্রিত খড় তৈরি করে খাওয়ান। কয়েক মাসের মধ্যেই তার গরবগুলো বেশ মোটাতাজা হয়ে ওঠে। সঠিক খাদ্য সরবরাহ এবং প্রয়োজনীয় যত্ন ও পরিচর্যার কারণে মালিহা বেগম কুরবানীর ঈদে গরবগুলো বিক্রি করে বেশ লাভবান হন। তার দেখাদেখি গ্রামের অনেকেই প্রশিৰণ নিয়ে গরব মোটাতাজাকরণ খামার শুরব করেছে। [স. বো. '১৩] [অধ্যায় : ১ম ও ২য়]

ক. মাছের লেজ ও পাখনা পচা রোগ কোন জীবাণু দ্বারা হয়? ১
খ. বিশুদ্ধ বাতাস চলাচল মুরগির শ্বাসকষ্টজনিত রোগ প্রতিরোধ করে–ব্যাখ্যা কর। ২
গ. মালিহা বেগমের গরবগুলোর জন্য দৈনিক কতটুকু ঝোলাগুড় লাগবে বের করে। ৩
ঘ. মালিহা বেগমের উদ্যোগটি দেশের আমিষের চাহিদা পূরণের ৰেত্রে বিশেষ ভূমিকা পালন করবে–বিশেরষণ কর। ৪

### ১৯নং প্রশ্নের উত্তর

ক. ব্যাকটেরিয়া দ্বারা মাছের লেজ ও পাখনা পচা রোগ হয়।

খ. উচ্চ মাত্রার অ্যামোনিয়া এবং ধুলাবালি মুরগির শ্বাসকষ্টজনিত রোগের প্রধান কারণ। মুরগির ঘরে বিশুদ্ধ বাতাস চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা থাকলে ঘরের আর্দ্রতা কমে, অ্যামোনিয়া ও ধুলাবালির মাত্রা কমে যায়। ফলে মুরগির শ্বাসকষ্ট প্রতিরোধ করা সম্ভব হয়।

গ. মালিহা বেগম গরব মোটাতাজাকরণের জন্য কম দামে ৫টি এঁড়ে বাছুর ক্রয় করেন। পরিমিত পুষ্টি চাহিদা পূরণের লৰ্যে তিনি গরবকে ইউরিয়া মিশ্রিত খড় ও ঝোলাগুড় মিশ্রিত খড় খাওয়ান। প্রতিদিন একটি গরবকে ৩০০–৪০০ গ্রাম ঝোলাগুড় খড়ের সাথে মিশ্রিত করে খাওয়াতে হয়। মালিহা বেগমের ৫টি এঁড়ে বাছুরের জন্য প্রতিদিন ৫ × (৩০০–৪০০) = ১৫০০ – ২০০০ গ্রাম অর্থাৎ ১.৫ – ২.০ কেজি ঝোলাগুড় প্রয়োজন।
ঝোলা গুড় মিশ্রিত খড় খাওয়ালে গরবর স্বাস্থ্য ভালো থাকে এবং গাভীর দুধ উৎপাদন বেড়ে যায়।

ঘ. বিধবা মালিহা বেগম যুব উন্নয়ন থেকে গবাদি পশু পালনের ওপর প্রশিৰণ নিয়ে গরব মোটাতাজাকরণের জন্য খামার গড়ে তোলেন। কয়েকমাসের মধ্যেই তিনি আশানুরূ প ফল লাভ করেন।
বাংলাদেশ একটি জনবহুল দেশ। দেশের জনগণের খাদ্য চাহিদা মেটাতে ধান ও শাকসবজির উৎপাদন বৃদ্ধি পেলেও পশু সম্পদের উন্নতি তেমন হয়নি। সাধারণত একজন লোকের দৈনিক ১২০ গ্রাম আমিষের দরকার হয়। কিন্তু পরিসংখ্যান থেকে জানা যায় যে, বাংলাদেশের মানুষ প্রতিদিন মাত্র ২৪ গ্রাম আমিষ খেয়ে থাকে। এই বিপুল পরিমাণ আমিষ ঘাটতি পূরণে আমাদের দেশে পশুপালন বাড়াতে হবে। মালিহা বেগম গরব মোটাতাজাকরণ প্রকল্পের অধীনে ৫টি এঁড়ে বাছুর ক্রয় করে পুষ্টিসম্মত খাবার খাওয়ানোর মাধ্যমে গরবর স্বাস্থ্যবৃদ্ধির মাধ্যমে লাভবান হন। এই স্বাস্থ্যবান গরবর অধিক মাংস দেশের আমিষ উৎপাদনে যোগ হচ্ছে। মালিহা বেগম গরব মোটাতাজাকরণের পাশে পাশে দুধ উৎপাদনও করতে পারেন। এভাবে তিনি দেশে বিদ্যমান আমিষ ঘাটতি পূরণে বিশেষ ভূমিকা পালন করছেন।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ◘ শূন্যস্থান পূরণ কর

১. ……… ইউরিয়া ব্যবহারে ফলন বৃদ্ধি পায়।
২. পশু মোটাতাজাকরণে সহায়ক খাদ্য ……… ও ……… ।
৩. ধানগাছের বাদামি দাগ রোগের কারণ ……… ।
৪. কৃষকেরা ……… মাসে আগাম আলু চাষ করেন।

**উত্তর :** ১. গুটি; ২. ইউরিয়া, ঝোলাগুড়; ৩. ছত্রাক; ৪. অক্টোবর-নভেম্বর।

### ◘ বামপাশের সাথে ডানপাশের শব্দ/বাক্যাংশ মিল কর

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ১. ফসলের পাতা কুঁকড়িয়ে যায় | অধিক আয় |
| ২. মাঠ ফসল বহুমুখীকরণের উদ্দেশ্য | ক্ষত সৃষ্টি করে |
| ৩. বাংলাদেশে জলবায়ু | উন্নত কৃষি প্রযুক্তি |
| ৪. শস্য পর্যায় একটি | ভাইরাসের কারণে |
| | আর্দ্র ও উষ্ণভাবাপন্ন |

**উত্তর :**
১. ফসলের পাতা কুঁকড়িয়ে যায় **ভাইরাসের কারণে।**
২. মাঠ ফসল বহুমুখীকরণের উদ্দেশ্য **অধিক আয়।**
৩. বাংলাদেশে জলবায়ু **আর্দ্র ও উষ্ণভাবাপন্ন।**
৪. শস্য পর্যায় একটি **উন্নত কৃষি প্রযুক্তি।**

### ◘ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ শস্য পর্যায় কী?**
**উত্তর :** মাটির উর্বরতা বজায় রেখে এক খন্ড জমিতে শস্য ঋতুর বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন ফসল উৎপাদন করা হয় তাই শস্য পর্যায়।

**প্রশ্ন ॥ ২ ॥ মিশ্র ফসল চাষ ব্যাখ্যা কর।**
**উত্তর :** মিশ্র ফসলের চাষ বলতে একাধিক ফসল, যা ভিন্ন সময়ে পাকে, বাড়–বাড়তির ধরন ভিন্ন, মাটির বিভিন্ন স্তর থেকে খাদ্য আহরণ করে, এগুলোর একত্রে চাষকে বোঝায়। মিশ্র ফসলে পোকামাকড়, রোগবালাই এবং আবহাওয়াজনিত ঝুঁকি হ্রাস পায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ সংক্রামক বলতে কী বুঝায়?**
**উত্তর :** ভাইরাসজনিত বা ব্যাকটেরিয়াজনিত যেসব রোগ এক দেহ থেকে অন্য দেহে ছড়ায় তাদেরকে সংক্রামক রোগ বলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ মোটাতাজাকরণ কী?**

**উত্তর :** পশু মোটাতাজাকরণ অর্থ হচ্ছে পরিমিত খাদ্য সরবরাহের মাধ্যমে গরুর স্বাস্থ্য নিশ্চিত করা এবং মানুষের জন্য আমিষ সরবরাহের ব্যবস্থা করা।

## ◘ রচনামূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ গুটি ইউরিয়া ব্যবহারের সুবিধা–অসুবিধা লেখ।**

**উত্তর :** নিম্নে গুটি ইউরিয়ার সুবিধা ও অসুবিধা উলেরখ করা হলো :

**গুটি ইউরিয়া ব্যবহারের সুবিধা :**

ক. গুটি ইউরিয়া ফসলের এক মৌসুমে একবার ব্যবহার করা হয়।
খ. গুটি ইউরিয়ার ব্যবহারে ২০–৩০ ভাগ নাইট্রোজেনের সাশ্রয় হয়।
গ. গুটি ইউরিয়া ধীরে ধীরে গাছকে নাইট্রোজেন সরবরাহ করে।
ঘ. গুটি ইউরিয়া ব্যবহারের ফলে ফলন ১৫–২০ ভাগ বৃদ্ধি পায়।

**গুটি ইউরিয়া ব্যবহারের অসুবিধা :**

ক. গুটি ইউরিয়া অভিজ্ঞতা ছাড়া যে কেউ ব্যবহার করতে পারে না। কারণ এটি নির্দিষ্ট মাত্রায় ব্যবহার করতে হয়।
খ. গুটি ইউরিয়া মাটিতে একটি একটি করে পুঁতে দিতে হয়। তাই অনেক সময় ব্যয় হয়।
গ. গুটি ইউরিয়া ভেজা মাটি ছাড়া দেয়া যায় না।

সতর্কতার সাথে গুটি ইউরিয়ার ব্যবহার চাষব্যয় হ্রাস এবং ফলন বৃদ্ধি করে।

**প্রশ্ন ॥ ২ ॥ খড়ের সাথে ইউরিয়া মিশিয়ে গো–খাদ্য তৈরির পদ্ধতি বর্ণনা কর।**

**উত্তর : খড়ের সাথে ইউরিয়া মিশিয়ে গো–খাদ্য তৈরির পদ্ধতি :**

ক. প্রথমে একটি ডোল নিয়ে এর চারপাশ কাদা মিশিয়ে লেপে শুকিয়ে নিতে হবে।
খ. এরপর একটি বালতিতে ২০ লিটার পানি নিতে হবে।
গ. এই পানিতে ১ কেজি ইউরিয়ার দ্রবণ তৈরি করতে হবে।
ঘ. ডোলের মধ্যে অল্প অল্প খড় দিয়ে ইউরিয়া দ্রবণ খড়ের উপরে ছিটিয়ে দিয়ে চেপে চেপে ভরতে হবে।
ঙ. এভাবে সম্পূর্ণ ডোল খড় দিয়ে ভরতে হবে।
চ. ডোলে খড় ভরা সম্পূর্ণ হলে এর মুখ ছালা বা পলিথিন দিয়ে বেঁধে দিতে হবে।
ছ. ১০–১২ দিন পর খড় বের করে রোদে শুকাতে হবে।
জ. এরপরই খড় গরুকে খাওয়ানোর উপযুক্ত হবে।
ঝ. সাধারণ একটি গরুকে প্রতিদিন ৩ কেজি ইউরিয়া মেশানো খড় খাওয়াতে হবে।
ঞ. খড়ের সাথে দৈনিক ৩০০–৪০০ গ্রাম ঝোলাগুড় মিশিয়ে দিতে হবে।

উল্লিখিত উপায়ে গরুকে খাওয়ালে গরু সহজে মোটাতাজা হয়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৩ ॥ মাছের ক্ষতরোগের কারণ, লক্ষণ ও প্রতিকার লেখ।**

**উত্তর :** দূষিত পানির কারণে মাছের ক্ষত রোগের সৃষ্টি হয়। এটি একটি সংক্রামক ব্যাধি।

**রোগের লক্ষণ :** প্রথমে মাছের শরীরে লাল লাল দাগ পড়ে। পরে ক্রমে ক্রমে এই লাল দাগে ক্ষতের সৃষ্টি হয়। আক্রান্ত মাছ স্বাভাবিক চলাফেরা করতে পারে না।

**প্রতিকার :** মাছের ক্ষত রোগ হলে নিচের ব্যবস্থাপত্র ব্যবহার করতে হবে :

ক. রোগাক্রান্ত মাছ জাল দিয়ে ধরে মাটিতে পুঁতে ফেলতে হবে।
খ. পুকুরে প্রতি শতকে ১ কেজি হারে চুন ও লবণ ছিটাতে হবে। কয়েকদিন পরপর ২/৩ বার চুন ও লবণ প্রয়োগ করা যায়।
গ. পুকুর আগাছামুক্ত রাখতে হবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ শস্য বহুমুখীকরণের উদ্দেশ্যগুলো বর্ণনা কর।**

**উত্তর :** শস্য বহুমুখীকরণের উদ্দেশ্য হচ্ছে :

ক. কাঙ্ক্ষিত ফসল বিন্যাস শস্যের আবাদ বাড়ানো এবং কৃষকের আয় ও জীবনযাত্রার মান উন্নয়ন করা।
খ. খামারের কর্মকাণ্ড সমন্বয় করা এবং কৃষি পরিবেশের ওপর প্রতিকূল প্রভাব কমিয়ে আনা।
গ. প্রচলিত শস্যবিন্যাসে উন্নত ফসলের জাত ও কলাকৌশলের সংযোগ ঘটানো।
ঘ. বীজের সাশ্রয় করা এবং উৎপাদন খরচ কমানো।
ঙ. প্রযুক্তি গ্রহণে কৃষকদের সমস্যাগুলো চিহ্নিত করা ও সমাধান করা।

# অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

## ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ সার কী ধরনের প্রযুক্তি?**
**উত্তর :** সার একটি রাসায়নিক প্রযুক্তি।

**প্রশ্ন ॥ ২ ॥ ধান চাষে নাইট্রোজেন সংবলিত প্রধান সার কোনটি?**
**উত্তর :** ধান চাষে নাইট্রোজেন সম্বলিত প্রধান সার হলো ইউরিয়া।

**প্রশ্ন ॥ ৩ ॥ গুটি ইউরিয়া সার এক মৌসুমে কয়বার ব্যবহার করা যায়?**
**উত্তর :** গুটি ইউরিয়া সার এক মৌসুমে একবার ব্যবহার করা যায়।

**প্রশ্ন ॥ ৪ ॥ ধানের চারা রোপণের কতদিনের মধ্যে গুটি ইউরিয়া সার দিতে হয়?**
**উত্তর :** ধানের চারা রোপণের ৫–৭ দিনের মধ্যে গুটি ইউরিয়া সার দিতে হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ পশুকে কোন ধরনের খাদ্য বেশি দিতে হবে?**
**উত্তর :** পশুকে আমিষ, শর্করা, চর্বি, খনিজ পদার্থ ও ভিটামিন জাতীয় খাদ্য বেশি দিতে হবে।

**প্রশ্ন ॥ ৬ ॥ সাধারণত একটি গরুকে প্রতিদিন কত কেজি ইউরিয়া মেশানো খড় দেয়া হয়?**
**উত্তর :** সাধারণত একটি গরুকে প্রতিদিন ৩ কেজি ইউরিয়া মেশানো খড় দেয়া হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ গরু মোটাতাজাকরণে সহায়ক দুইটি উপাদান কী?**
**উত্তর :** গরু মোটাতাজাকরণে সহায়ক দুইটি উপাদান হলো– ১. ইউরিয়া ও ২. ঝোলাগুড়।

**প্রশ্ন ॥ ৮ ॥ ধ্বসা রোগের লক্ষণ কী?**
**উত্তর :** ধ্বসা রোগের লক্ষণ হলো পাতা ঝলসে যাওয়া।

**প্রশ্ন ॥ ৯ ॥ মৃত পাখি সৎকারে কোন রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হয়?**
**উত্তর :** মৃত পাখি সৎকারে ডিডিটি রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হয়।

**প্রশ্ন ॥ ১০ ॥ মৃত মাছের সৎকারে কোন রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হয়?**
**উত্তর :** মৃত মাছের সৎকারে বিরচিং পাউডার রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হয়।

**প্রশ্ন ॥ ১১ ॥ শূন্য চাষে কৃষকের কয় সপ্তাহ সময় বাঁচে?**
**উত্তর :** শূন্য চাষে কৃষকের ৩–৪ সপ্তাহ সময় বাঁচে।

**প্রশ্ন ॥ ১২ ॥ রিলের চাষের উদ্দেশ্য কয়টি?**
**উত্তর :** রিলে চাষের উদ্দেশ্য ৩টি।

**প্রশ্ন ॥ ১৩ ॥ আলুর সাথে পটোলের রিলে চাষে কৃষকরা কখন আলু চাষ করেন?**
**উত্তর :** আলুর সাথে পটোলের রিলের চাষে কৃষকরা অক্টোবর–নভেম্বর আলু চাষ করেন।

**প্রশ্ন ॥ ১৪ ॥ আলুর সাথে পটোলের রিলের চাষে কোন মাসে আলু উত্তোলন শেষ হয়?**
**উত্তর :** আলুর সাথে পটোলের রিলের চাষে জানুয়ারি–ফেব্রুয়ারি মাসে আলু উত্তোলন শেষ হয়।

**প্রশ্ন ॥ ১৫ ॥ মিশ্র ফসল হিসেবে আলু ও লালশাকের চাষে কখন আলু তোলা হয়?**
**উত্তর :** মিশ্র ফসল হিসেবে আলু ও লালশাকের চাষে ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে আলু তোলা হয়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ বাংলাদেশে কয়টি মৌসুমে ফসল উৎপাদন করা হয়?**
**উত্তর :** বাংলাদেশে তিনটি মৌসুমে ফসল উৎপাদন করা হয়।

**প্রশ্ন ॥ ১৭ ॥ রিলে ফসলের অর্থ কী?**
**উত্তর :** একটি ফসলের শেষ পর্যায়ে আরেকটি ফসল উৎপাদনকে রিলে ফসল বলে।

## ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ গুটি ইউরিয়ার পরিচয় দাও।**
**উত্তর :** ধান চাষে অনেক সার ব্যবহার করা হয়। এর মধ্যে নাইট্রোজেন সংবলিত ইউরিয়া প্রধান। দানাদার ইউরিয়া সারের সাশ্রয়ী ব্যবহারের জন্য মেশিনের সাহায্যে এটাকে গুটি ইউরিয়ায় রূ পান্তর করা হয়েছে।

**প্রশ্ন ॥ ২ ॥ ফসল গাছের রোগের লক্ষণগুলো কেমন?**

**উত্তর :** ফসলের পাতায় বা কাণ্ডে নানা প্রকার দাগ কোনো ফসলের পাতায় ঘরের মেঝের মোজাইকের মতো হলুদ সবুজ মেশানো ছোপ ছোপ রং। কোনো ফসলের শিকড় পচা বা ঢলে পড়া এগুলো হচ্ছে গাছের রোগের লক্ষণ।

**প্রশ্ন ॥ ৩ ॥ মৃত মাছ সৎকারে গর্ত করার সময় কোন বিষয়গুলো খেয়াল রাখতে হবে?**

**উত্তর :** মৃত মাছ সৎকারে নিম্নলিখিত বিষয়গুলো খেয়াল রাখতে হবে :

ক. গর্তটি হতে হবে পুকুর থেকে দূরে যেখান থেকে বৃষ্টির পানি গড়িয়ে পুকুরে প্রবেশ করে না।

খ. গর্তের গভীরতা তিন ফুট হতে হবে।

গ. মাছের সংখ্যানুযায়ী গর্তটি প্রশস্ত হতে হবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ রোগাক্রান্ত মৃত পাখি সৎকার করতে হবে কেন?**

**উত্তর :** রোগাক্রান্ত মৃত পাখি থেকে রোগজীবাণু পরিবেশে ছড়িয়ে পড়ে সুস্থ ও জীবিত পাখি আক্রান্ত হতে পারে। এর ফলে রোগ মহামারী আকার ধারণ করতে পারে। এসব রোগ থেকে সুস্থ ও জীবিত পাখিকে নিরাপদ রাখার জন্য মৃত পাখিকে দ্রুত সৎকার করতে হবে।

**প্রশ্ন ॥ ৫ ॥ মৃত পশুকে কীভাবে সৎকার করতে হবে?**

**উত্তর :** মৃত পশুকে খামার ও বসতবাড়ি থেকে দূরে সৎকার করতে হবে। এজন্য ৪ ফুট গভীর গর্ত করে পশুকে মাটি চাপা দিতে হবে। মাটি চাপা দেওয়ার সময় গর্তের উপরের স্তরে চুন বা ডিডিটি ছড়িয়ে দিতে হবে।

**প্রশ্ন ॥ ৬ ॥ বেগুনের ঢলে পড়া রোগের লক্ষণগুলো কী কী?**

**উত্তর :** বেগুনের ঢলে পড়া রোগে ফসলের কাণ্ড ও শিকড় আক্রান্ত হয়। ফলে খাদ্য শাখায় পৌছতে পারে না। এ কারণে শাখা মাটির দিকে ঝুলে পড়ে। গাছের এ লক্ষণ দেখে বোঝা যায় বেগুন গাছ ঢলে পড়া রোগে আক্রান্ত।

**প্রশ্ন ॥ ৭ ॥ ফসলের বিন্যাস বলতে কী বোঝ?**

**উত্তর :** ফসলবিন্যাস অর্থ হচ্ছে কৃষক সারাবছর বা ১২ মাস তার জমিতে কী কী ফসল ফলাবেন তার একটা পরিকল্পনা করা। ফসলবিন্যাস করা হয় মাটির গুণাগুণ, পানির প্রাপ্যতা, চাষ পদ্ধতি, শস্যের জাত, ঝুঁকি, আয় এসব বিষয় বিবেচনা করে। ফসলবিন্যাসে একটি শিম জাতীয় ফসল অন্তর্ভুক্ত করে সারের চাহিদা হ্রাস করা সম্ভব এবং তাতে মাটির উর্বরতাও বৃদ্ধি পাবে।

**উত্তর :** ক. আলুর সাথে পটোলের চাষ; খ. আলুর সাথে করলার চাষ।

**প্রশ্ন ॥ ৮ ॥ সাথি ও রিলে চাষ কোনটির সাথে কোনটির হয় তালিকা লেখ।**

**উত্তর :** সাথি ও রিলে চাষ যেসব ফসলে হয় :

| চাষ পদ্ধতি | তালিকা |
|---|---|
| সাথি | ১. আখের সাথে টমেটোর চাষ;<br>২. আখের সাথে সরিষার চাষ;<br>৩. আখের সাথে মসুরের চাষ। |